বাবা নিয়ে কিছু সিনেমার কথা

কলকাতা ঃ বিশ্ব পিতৃ দিবস। বিশ্বের সব বাবার প্রতি ভালোবাসা ও শ্রদ্ধা জানাতে জুন মাসের তৃতীয় রোববার দিবসটি পালিত হয়। প্রতিবছর সব মিলিয়ে প্রায় ১১৭টি দেশে দিনটি নানা আয়োজনের মাধ্যমে পালিত হয়। বাবা দিবসে দেখে ফেলুন বাবা-সন্তানের সম্পর্ক নিয়ে নির্মিত বেশ কয়েকটি সিনেমা। যেমন 'দ্য লায়ন কিং, 'টু কিল আ মকিংবার্ড, 'পারসুট অব হ্যাপিনেস', 'মিসেস ডাউটফায়ার', 'রেইনবো জেলি', 'ট্রেন টু বুসান', 'অনওয়ার্ড', 'মোয়ানা', 'মিনারি'। তবে কিছু সিনেমার কথা আলাদা করে না বললেই নয়। জেনে নিন কয়েকটি সিনেমা সম্পর্কে, যেগুলোয় বাবার সঙ্গে সন্তানের সম্পর্কের মাধুর্য চমৎকারভাবে ফুটিয়ে তোলা হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিধ্বস্ত রোম শহরে তখন ঘোর অভাব, কেউ কাজ পাচ্ছে না, কারও ঘরে খাবার নেই। দারিদ্রের কাছে ভীষণ অসহায় অ্যান্টনিও রিকি ও তাঁর পরিবার। ভাগ্যগুণে অবশ্য একটি চাকরি জুটে যায়। শর্ত হলো, অ্যান্টনিওর থাকতে হবে একটি নিজস্ব সাইকেল। উপায় না পেয়ে বিয়েতে পাওয়া দামি চাদরগুলো বিক্রি করে সাইকেল কিনলেন তিনি। সেই সাইকেল নিয়ে অ্যান্টনিও আর তার ছোট্ট ছেলে ব্রুনোর সে কী আনন্দ! কিন্তু বিধি বাম। কাজে যাওয়ার প্রথম দিনেই চুরি গেল এত কষ্ট করে কেনা সাইকেলটি! এদিকে সাইকেল না থাকলে চাকরিও থাকবে না, জুটবে না খাবার। তাই বাপ-ছেলে মিলে ছুটলেন হারিয়ে যাওয়া সাইকেলের খোঁজে। রোমের অলিগলিতে সাইকেলের সন্ধানে তাদের এই অভিযান নিয়েই এগিয়ে চলে ১৯৪৮ সালে মুক্তি পাওয়া কালজয়ী এই সিনেমার গল্প। 'ফাইন্ডিং নিমো' কমলা-সাদা রঙের ছোট্ট মাছ নিমো। নিমোকে সারাক্ষণ আগলে রাখে বাবা মারলিন। কিছুতেই তাকে চোখের আড়াল হতে দেয় না। কিন্তু বাবার এত বিধিনিষেধে নিমোর বিরক্তির শেষ নেই। সে পুরো পৃথিবী ঘুরে দেখতে চায়। এই ঘুরে দেখার ইচ্ছা থেকেই একদিন ঘটে যায় বিরাট দুর্ঘটনা। ছোট্ট নিমো ধরা পড়ে এক ডুবুরির হাতে! যে গভীর সমুদ্রকে সারা জীবন এত ভয় পেয়েছে মারলিন, ছেলেকে বাঁচাতে সেখানেই শুরু হয় তার এক দুর্দান্ত অভিযান। শেষ পর্যন্ত মারলিন ছোট্ট নিমোকে উদ্ধার করতে পেরেছিল কি না, তা জানতে দেখে ফেলুন 'ফাইন্ডিং নিমো' (২০০৩) নামের অসাধারণ অ্যানিমেশন সিনেমাটি।

'লাইফ ইজ বিউটিফুল'

কৌতুক আর আবেগের মিশ্রণে তৈরি 'লাইফ ইজ বিউটিফুল' সিনেমাটিতে গুইডোর প্রেমকাহিনি এবং মৃত্যুপুরী থেকে তার ছেলেকে রক্ষার জন্য অবলম্বন করা বিভিন্ন কলাকৌশল দেখানো হয়েছে। ইতালির রাজনৈতিক পরিবেশ ঘোলা হওয়া শুরু করার পর জার্মান সৈন্যরা জুইশদের ধরে নিয়ে 'কনসেন্ট্রেশন ক্যাম্প'-এ পাঠাতে লাগল। ছেলের জন্মদিনের দিন গুইডোসহ তার ছেলে এবং চাচাকে জার্মান সৈন্যরা ধরে নিয়ে যায়। যাওয়ার পথে তার ছেলে যখন প্রশ্ন করে 'বাবা আমরা কোথায় যাচ্ছি?' গুইডো তার ছেলের কাছে কঠিন বাস্তবটাকে গোপন করে বিভিন্ন হাস্যরসাত্মক ঘটনার মাধ্যমে পরিস্থিতি হালকা করার চেষ্টা করতে থাকে। তারপর শুরু হয় তাদের ক্যাম্পে টিকে থাকার লড়াই।

'দ্য সাউন্ড অব মিউজিক'

খুব কঠোর একজন বাবা ক্যাপ্টেন ভন ট্র্যাপ। স্ত্রী ছাড়া সাত ছেলেমেয়েকে বড় করার দায়িত্ব তার কাঁধে, তাই কড়া শাসনে রাখেন সন্তানদের। স্ত্রী বিয়োগের পরে আনন্দ ও গান বন্ধ হয়ে যায় তার ঘরে। সন্তানদের দেখাশোনার জন্য মারিয়া নামে একজন ন্যানি মারিয়াকে রাখেন তিনি। মারিয়া সন্তানদের গানের প্রতি অনুরক্ত করে। নানা কাহিনির পর সংগীতবিদ্বেষী ভন ট্র্যাপই একসময় সন্তানদের গানের ভক্ত হয়ে ওঠেন। নাৎসি বাহিনীকে সহায়তা করতে নৌবাহিনীর অফিসার ভন ট্র্যাপের যুদ্ধে যাওয়ার ডাক এলেও যুদ্ধে না যাওয়ার জন্য তিনি সন্তানদের সঙ্গে গানের প্রতিযোগিতায় অংশ নেন ও জিতে যান। কিন্তু এতে নাৎসি বাহিনী তার পেছনে লাগে। তিনি দুর্গম আল্পস পর্বতের মধ্যে সন্তানদের নিয়ে হেঁটে সুইজারল্যান্ডের দিকে রওনা হন।

'প্লিপলেস ইন সিয়াটল'

হলিউডে বাবা ও সন্তানের সম্পর্ককেন্দ্রিক সিনেমার মধ্যে টম হ্যাংকস অভিনীত 'প্লিপলেস ইন সিয়াটল'-এর নাম শুরুর দিকেই বলা যায়। একা বাবা স্যাম (টম হ্যাংকস) এবং তার শিশুপুত্র জোনাহকে নিয়েই পুরো গল্প। নিউইয়র্কের এম্পায়ার স্টেট বিল্ডিংয়ের ছাদ থেকে জোনাহ পড়ে গেছে মনে করে স্যামের যে অভিব্যক্তি এবং শেষ পর্যন্ত তাকে জীবিত দেখতে পেয়ে তার আবেগ সেটা একমাত্র কোনো বাবার পক্ষেই অনুভব করা সম্ভব।

'টু কিল আ মকিং বার্ড'

সিনেমায় দেখা যায় এক গুরুগম্ভীর বাবাকে। আপাতদৃষ্টে সফল আইন ব্যবসায়ী ফিনশ (গ্রেগরি পেক) তার দুই শিশুসন্তানের প্রতি তেমন কোনো আবেগ উচ্ছ্বাস দেখায় না। মাতৃহীন সন্তান দুটি বেড়ে ওঠে প্রায় অনাদরে। কিন্তু প্রয়োজনে ফিনশ তার সন্তানদের রক্ষা করতে কতটা বদ্ধপরিকর, তা বোঝা যায় ছবির ক্লাইমেক্সে।

এ ছবিতে অনবদ্য অভিনয়ের জন্য গ্রেগরি পেক সেরা অভিনেতার অস্কার জিতেছিলেন। গ্রেগরি পেককে 'ইয়ার্লিং' সিনেমায় স্নেহশীল এক বাবার ভূমিকায় দেখা যায়। আবার হরর মুভি 'ওমেন'-এ গ্রেগরি পেক অশুভ শক্তির অধিকারী তার কথিত সন্তানকে হত্যা করে মানবজাতিকে বাঁচাতে বদ্ধপরিকর। প্রসেসর তৈরির খরচ বাড়ায় আরও দামী হবে স্মার্টফোন। কোয়ালকম বছরের শেষের দিকে তাদের পরবর্তী প্রজন্মের কোয়ালকম স্ন্যাপড্রাগন ৮ প্রসেসরটি উন্মোচন করবে বলে শোনা যাচ্ছে। তবে এই প্রসেসরটির দাম তার পূর্বসূরি থেকে বেশ কিছুটা বেশি হবে বলে শোনা যাচ্ছে। এর পিছনে কি কি সম্ভাব্য কারণ রয়েছে, তা এখন এক টিপস্টার প্রকাশ করেছেন।

জাতীয় প্রেসক্লাবে ঈদপূর্ব আড্ডা।

ইউক্রেনে ড্রোন হামলায় রুশ সাংবাদিক নিহত

কিয়েভ ঃ পূর্ব ইউক্রেনে ড্রোন হামলায় একজন রুশ সাংবাদিক নিহত হয়েছেন। যুদ্ধক্ষেত্রের কাছে আরেক সাংবাদিকের মৃত্যুর দুই দিন পর রবিবার তার সংবাদ সংস্থা এই তথ্য জানিয়েছে। নিউজআরইউ টেলিগ্রামে এক পোস্টে বলেছে, 'আমাদের সংবাদদাতা নিকিতা সিতসাগি ইউক্রেনীয় সেনাবাহিনীর ড্রোন হামলার সময় নিহত হয়েছেন। সংস্থাটি আরো বলেছে, ভূগলেদার শহরের কাছে সেন্ট-নিকোলাস মঠের আশপাশে এই হামলা হয়েছে। সেখানে তিন মাস ধরে ভয়াবহ যুদ্ধ হচ্ছে। এর আগে বৃহস্পতিবার রাশিয়ার রাষ্ট্রীয় টেলিভিশনের একজন সাংবাদিক দোনেৎস্ক অঞ্চলে যুদ্ধক্ষেত্রের কাছে রুশ নিয়ন্ত্রিত গ্রাম গোলমিভস্কিতে ইউক্রেনীয় ড্রোন হামলায় নিহত এবং অন্য একজন আহত হয়েছেন। রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় ইউক্রেনের বিরুদ্ধে ইচ্ছাকৃতভাবে সাংবাদিকদের ওপর হামলা করার অভিযোগ করেছে। প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এই মাসের শুরুতে বলেছিলেন, ইউক্রেনে সংঘাত শুরুর পর থেকে 'কমপক্ষে ৩০'রুশ সাংবাদিক নিহত হয়েছেন। তার এই দাবির সত্যতা যাচাই করা যায়নি।

প্রসেসর তৈরির খরচ বাড়ায় আরও দামি হবে স্মার্টফোন

নয়াদিল্লি ঃ কোয়ালকম সম্প্রতি নিশ্চিত করেছে যে স্ন্যাপড্রাগন সামিট আগামী ২৪ থেকে ২৬ অক্টোবর পর্যন্ত অনুষ্ঠিত হবে। এই ইভেন্টে কোম্পানির পরবর্তী প্রজন্মের ফ্ল্যাগশিপ কোয়াল কম এইট জেন ফোর চিপসেট লঞ্চ করা হবে, যা মূলত ২০২৫ সালের ফ্ল্যাগশিপ স্মার্টফোনগুলিতে ব্যবহার করা হবে বলে আশা করা হচ্ছে। প্রসেসরটিকে নিয়ে কয়েক মাস ধরেই টেক দুনিয়ায় আলোচনা চলছে। বলা হচ্ছে তার পূর্বসূরির থেকে আরও ব্যয়বহুল হবে।

এর দরুন আসন্ন ফ্ল্যাগশিপ ফোনগুলির দামও বৃদ্ধি পেতে পারে। ইন্ডাস্ট্রি বিশ্লেষক মিং-চি কুওর মতে, চলতি বছরের দ্বিতীয়ার্ধে গণ উৎপাদনে প্রবেশ করতে চলা কোয়ালকম স্ন্যাপড্রাগন ৮ জেন ৪ প্রসেসরটির দাম বর্তমান প্রজন্মের স্ন্যাপড্রাগন ৮ জেন ৩ চিপের তুলনায় ২৫ থেকে ৩০ দাম বৃদ্ধি পেতে পারে। সাম্প্রতিক মডেলটির দাম প্রতি ইউনিট প্রায় ১৯০ ডলার - ২০০ ডলার (প্রায় ১৫,৮৭৫ টাকা - ১৬,৭১০ টাকা)। অর্থাৎ, কোয়ালকমের স্ন্যাপড্রাগন ৮ জেন ৪ প্রসেসরের দাম ২৩৭.৫০ ডলার (প্রায় ১৯,৮৪৫ টাকা) থেকে ২৬০ ডলার (প্রায় ,২১,৭২৫ টাকা) এর মধ্যে থাকতে পারে। মিং-চি কুও বলেছেন যে, এই মূল্য বৃদ্ধির প্রাথমিক কারণ হল স্ন্যাপড্রাগন ৮ জেন ৪ প্রসেসরের দাম। তাইওয়ান সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং কোম্পানি কর্তৃক লেটেস্ট এবং আরও উন্নত এন৩ই প্রোডাকশন নোডের ব্যবহার। নতুন নোড কর্মক্ষমতায় উন্নতি প্রদান করবে, তবে এটির উৎপাদন খরচ অনেকটা বেশি। বিশ্লেষক দাবি করছেন যে, উচ্চ মূল্য থাকা সত্ত্বেও, ক্রমবর্ধমান হাই-এন্ড স্মার্টফোনের বাজারের কারণে কোয়ালকম স্ন্যাপড্রাগন ৮ জেন ৪ চিপসেটের চাহিদা বাড়বে, বিশেষ করে সেসব ফোনে, যেগুলিতে আর্টিফিসিয়াল ইন্টালিজেন্স নির্ভর বৈশিষ্ট্যগুলি থাকবে। নতুন চিপের সরবরাহে পূর্বসূরির তুলনায় হাই সিঙ্গেল ডিজিট রেট বৃদ্ধি দেখতে পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে।

সুইজারল্যান্ডে শান্তি সম্মেলনে তোপের মুখে ভ্লাদিমি পুতিনের প্রস্তাব

জেনিভা ঃ ইউক্রেন যুদ্ধ বন্ধের জন্য যেসব প্রস্তাব দিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন তা প্রত্যাখ্যান করেছেন ইতালি ও জার্মানির নেতারা। ইউক্রেন সংঘাতের অবসানের লক্ষ্যে সুইজারল্যান্ডে বেশ কয়েকটি দেশের শীর্ষ নেতারা এখন শান্তি সম্মেলনে অংশ নিয়েছেন। ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি রুশ প্রেসিডেন্টের পরিকল্পনাকে অপপ্রচার হিসেবে আখ্যায়িত করেছেন। যার অর্থ হলো- রাশিয়াকে অবশ্যই ইউক্রেন থেকে সরে আসতে হবে। এদিকে পুতিনের প্রস্তাবকে 'স্বৈরতান্ত্রিক শান্তি' আখ্যা দিয়ে নাকচ করেছেন জার্মানির চ্যান্সেলর ওলাফ শলৎজ। পুতিন শুক্রবার বলেছিলেন, ইউক্রেন যদি চারটি অঞ্চল থেকে সেনা প্রত্যাহার করে, তাহলে তিনি যুদ্ধবিরতিতে সম্মত আছেন। ওই চারটি অঞ্চলের কিছু অংশ রাশিয়ার দখলে আছে এবং এগুলোকে তার নিজ ভূখণ্ডের অংশ বলে দাবি করে রাশিয়া। ইউক্রেনের প্রেসিডেন্ট ভোলোদিমির জেলেনস্কির ফিফ অফ স্টাফ আন্দ্রিই ইয়েরম্যাক সুইজারল্যান্ডের এই সম্মেলনে এসে বিবিসিকে বলেছেন, স্বাধীনতা, সার্বভৌমত্ব ও ভূখণ্ডগত অখণ্ডতা নিয়ে কোনো আপস নেই। ইউক্রেন শান্তি নিয়ে ওই সম্মেলনে পুতিন তার প্রস্তাব প্রকাশ করেন। নব্বইটির বেশি দেশ ও বৈশ্বিক প্রতিষ্ঠান এ সম্মেলনে অংশ নিয়েছে। ইউক্রেনে রাশিয়ার আগ্রাসন শুরুর পর এটাই ইউক্রেন বিষয়ে সবচেয়ে বড় জমায়েত। তবে রাশিয়া ও চীন এ সম্মেলনে আমন্ত্রণ পায়নি। তাই তারা এই সম্মেলনে অংশ নিচ্ছে না। সে কারণে এ বিষয়ে উল্লেখযোগ্য অগ্রগতির সম্ভাবনা খুব একটা নেই। পুতিনের প্রস্তাবের বিষয়ে বলতে গিয়ে জর্জিয়া মেলোনি বলেছেন, 'ইউক্রেনকে তার মাটি থেকে সরে যেতে বলাটা আমার কাছে কোনো কার্যকর মধ্যস্থতার প্রস্তাব বলে মনে হয় না।' এদিকে ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনাক বলেছেন, যেসব দেশ অস্ত্র দিয়ে রাশিয়াকে সহায়তা করছে তারা ইতিহাসের ভুল দিকে আছে। ইউক্রেন এই সম্মেলনে অংশ নেওয়া দেশগুলোর সংখ্যা এবং এর বৈশ্বিক প্রচারের দিকে ইঙ্গিত করে সম্মেলনটিকে একটি সফলতা হিসেবে উপস্থাপন করছে। জেলেনস্কি বলেছেন, ইউক্রেন কূটনীতিকে একটি সুযোগ দিতে চেয়েছে এবং দেখাতে চাইছে যে সবার সম্মিলিত চেষ্টায় যুদ্ধ বন্ধ হতে পারে। তিনি বলেন, 'আমি বিশ্বাস করি, এ সম্মেলনে একটি ইতিহাস তৈরি হচ্ছে, তার সাক্ষী হচ্ছি আমরা। হয়তো শিগগিরই শান্তি প্রতিষ্ঠা হবে।' পুতিন অবশ্য ইউক্রেনের প্রস্তাবিত যেকোনো ধরনের শান্তিপ্রক্রিয়া আগেই নাকচ করে দিয়েছেন। তিনি চান যে চারটি অঞ্চল রাশিয়া আংশিক দখল করে আছে, সেগুলো থেকে ইউক্রেন সরে যাক। এর আগে ২০২২ সাল থেকেই ওই এলাকাগুলোকে রাশিয়া নিজেদের সঙ্গে সংযুক্ত করার ঘোষণা দিয়ে রেখেছে।

ইউরোপীয় কমিশনের চেয়ারম্যান উরসুলা ভন ডার লাইন বলেছেন, ইউক্রেনের ভূমিতে দখলদার বিদেশি বাহিনী রেখে সংঘাত জিইয়ে রাখাটা কোনো সমাধান নয়। সত্যি বলতে, এটি ভবিষ্যৎ আগ্রাসন ও যুদ্ধের উপকরণ হয়ে থাকবে। এর আগে ১৪ জুন শিল্পোন্নত দেশগুলোর জোট জি-৭ ইতালিতে হওয়া সামিটে রাশিয়ার জব্দ করা সম্পদ থেকে ইউক্রেনকে ৫০ বিলিয়ন ডলার ব্যবহার করতে দিতে সম্মত হয়েছে। এটি রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে সহায়তার জন্য ইউক্রেনকে দেওয়া হবে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন বলেন, এটা রাশিয়াকে আরেকবার মনে করিয়ে দেওয়া যে 'আমরা পিছিয়ে যাচ্ছি না', তবে মস্কো এর পাল্টা হিসেবে 'সর্বোচ্চ বেদনাদায়ক' পদক্ষেপ নেওয়ার হুমকি দিয়েছে। ইতালিতে জি-৭ সামিটে ইউক্রেনের প্রেসিডেন্ট ভোলোদিমির জেলেনস্কি ও বাইডেন দশ বছর মেয়াদি একটি দ্বিপক্ষীয় নিরাপত্তা চুক্তিতে স্বাক্ষর করেছেন। এই চুক্তি অনুযায়ী যুক্তরাষ্ট্র ইউক্রেনকে সামরিক ও প্রশিক্ষণ সহায়তা দেবে, কিন্তু এখানে ওয়াশিংটন সেনা পাঠিয়ে সহায়তা করবে এমন কোনো প্রতিশ্রুতি নেই। ইউরোপীয় ইউনিয়নের পাশাপাশি জি-৭ ভুক্ত দেশগুলোতে রাশিয়ার প্রায় ৩২৫ বিলিয়ন ডলারের সম্পদ ফ্রিজ বা জব্দ করা আছে। ২০২২ সালে রাশিয়া ইউক্রেনের পূর্ণ মাত্রার আগ্রাসন শুরুর পর এসব জব্দ করা হয়।

সময়ে সার্ভিসিং করালেও এই কারণে নষ্ট হতে পারে এসির কয়েল

কলকাতা ঃ গরম থেকে মুক্তি পেতে যেমন এসি মেশিনের কোন বিকল্প নেই তেমনই এসির শীতলতা উপভোগ করতে আপনাকে এসি নিয়মিত সার্ভিসিং করতে হবে। যাদের বাড়িতে এসি মেশিন রয়েছে তারা কখনও না কখনও এসি মেশিন থেকে গ্যাস লিকেজের সমস্যায় পড়েছেন।

এক্ষেত্রে অনেক সময় মেকানিক বলে থাকেন, ড্রেনের বা নর্দমার দুর্গন্ধের কারণে এয়ার কন্ডিশনার কয়েল নষ্ট হয়ে গ্যাস লিক হয়েছে। এয়ার কন্ডিশনারের গ্যাস লিকেজ হলে তা মেরামত করতে গিয়ে দেখা যায় এসির কয়েল লিকেজের কারণে গ্যাস বেরিয়েছে। মেকানিককে যখন প্রশ্ন করা হয় কিভাবে এসির কয়েলে লিকেজ হলো? তার উত্তরে তিনি বলে থাকেন আপনার বাড়ির কাছে একটি ড্রেন রয়েছে। তার থেকে দুর্গন্ধের কারণে এয়ার কন্ডিশনারটির কয়েল নষ্ট হয়ে গিয়েছে। এবং তা থেকে গ্যাস বেরোচ্ছে। অনেকের মনেই এই প্রশ্ন আসাটা স্বাভাবিক ড্রেনের দুর্গন্ধের কারণে এয়ার কন্ডিশনারের কয়েল নষ্ট হবে কীভাবে? ড্রেনে সাধারণত ময়লা জমে অনেক সময় তা থেকে দুর্গন্ধের সৃষ্টি হয়। এই গ্যাস হাইড্রোজেন সালফাইডের মতো মারাত্মক হতে পারে। এই গ্যাসের তীব্রতার কারণে তামা।

BHANDAR GRAM PANCHAYAT

The e-Tender (https://wbtenders.gov.in) are hereby invited by the undersigned for, NIT No 1/2024-25 :PCC/Paver Block Road Memo No 119/BGP/2024 dt 12.06.2024. NIT No 2/2024-25 :CC drain Memo No 120/BGP/2024 dt 12.06.2024. NIT No 3/2024-25 : Solar System Over head tank Memo No 121/ BGP/2024 dt 12.06.2024. NIT No 4/2024-25 : Bolder Pitching 122/BGP/2024 dt 12.06.2024. Document Download/ Sale Start Date (Online) : 13.06.2024 at 04.00 PM. Pre Bid Meeting at GP Office : 18.06.2024 2.00 PM. Documents downloads/ Sale Close Date (Online) : 28.06.2024 2.00 PM. Date of Opening of Technically Qualified Bidder : 16.07.2024 at 02.00 PM.

Sd/- Prodhan
Bhandar Gram Panchayat
Kaliyaganj, Uttar Dinajpur

'জনগণের গর্জন' থিমের মণ্ডপ সজ্জায় শিবপুরে আয়োজিত হল কালী পুজো

হাওড়া ঃ অভিনব থিম সজ্জায় রক্ষাকালী পুজো আয়োজিত হয় হাওড়ার শিবপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত মনসাতলা একতা সংঘের উদ্যোগে। প্রতিবার রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসের উন্নয়নের নিদর্শন তুলে ধরা মন্ডপ সজ্জার মধ্য দিয়ে। ব্যতিক্রম হলো না এবারও। 'জনগণের গর্জন, বাংলার বিরোধীদের বিসর্জন' এই থিম নিয়েই হলো মণ্ডপ সজ্জা। এই মণ্ডপেই শনিবার সন্ধ্যায় পুজিত হলেন রক্ষাকালী। এই পুজো তথা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিবপুর বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা ক্রীড়া ও যুব কল্যাণ প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি। পাশাপাশি ছিলেন শিবপুর ব্লক তৃণমূল যুব কংগ্রেসের সাধারণ সম্পাদক সৌম্য ঘোষ, শিবপুর তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক বিপ্লব দে, ২২ নং ওয়ার্ডের যুব তৃণমূল কংগ্রেসের সভাপতি সঞ্জিত মিশ্র, ৮ নং ওয়ার্ডের তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি প্রমোদ পাসোয়ান, ৮ নং ওয়ার্ডের তৃণমূল কংগ্রেসের সভাপতি দীপক মজুমদার এবং ওই ওয়ার্ডের তৃণমূল কংগ্রেসের সম্পাদক সুকান্ত সাঁধুখাঁ সহ অন্যান্য তৃণমূল নেতৃত্ব এবং কর্মীবৃন্দ। পাশাপাশি প্রতিবারই শিবপুরের এই পুজো আয়োজিত হয় তৃণমূলের উন্নয়নকে সামনে রেখে। থিম পরিকল্পনা এবং উদ্যোগ গ্রহণে মুখ্য ভূমিকা পালন করেন সৌম্য ঘোষ, বিপ্লব দে সহ শিবপুরের একাধিক তৃণমূল নেতৃত্বগণ। অক্লান্ত পরিশ্রম এবং একতা সংঘের সদস্যদের ঐকান্তিক প্রচেষ্টা ও সহযোগিতায় প্রতিবছরই এরকম এক একটি মনোজ্ঞ মন্ডপ সজ্জা তুলে ধরেন তাঁরা। গতবছর, দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায় কে কেন্দ্র করে থিম পরিকল্পনা করা হয়েছিল।

শিবালিক স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড

রেজিস্টার্ড অফিস : ৫০১, স্যালকন ঔরাম, মখেলা জেলা সেন্টার, নতুন দিল্লি- ১১০০২৫
CIN : U65900DL2020PLC366027

নিলাম বিজ্ঞপ্তি

শিবালিক স্মল ফিনান্স ব্যাঙ্ক লি: এর নিম্ন লিখিত দেনাদারগণ সোনা ব্যাঙ্কে বন্ধক রেখে ঋণ গ্রহণ করেছিলেন কিন্তু নিম্নলিখিত অর্থরাশি না পরিশোধ করার কারণে দাবি এবং বিজ্ঞপ্তি প্রত্যেকের নামে ব্যাঙ্কের তরফ থেকে জারি করা হয়েছে, সমস্ত দেনাদারগণের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে ব্যাঙ্কের তরফ থেকে সুরক্ষিত সোনার গহনা নিলামের মাধ্যমে বিক্রি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে **২৭.০৬.২০২৪ তারিখে** নিলামের সময় নির্ধারণ করা হয়েছে দুপুর ৫.০০ টায়, শাখা অফিসে যেখান থেকে ঋণ দেওয়া হয়েছিল, সকল দেনাদার, জিসাবখাত হোল্ডার, এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে তারা নিম্ন লিখিত শর্ত অনুসারে নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

শাখা	অ্যাকাউন্ট নং	হোল্ডারের নাম	পিতা/স্বামীর নাম	ঠিকানা	নিলামকার খোলার তারিখ	প্রদেয় অর্থ
গাজিয়াবাদ	101542513647	সেলিম এল খান	পিতা- মহম্মদ মাকসুদ আলম	দিবেন্দিরা রোড, দিবেন্দিরা রোড গ্রোবাল জিম শিলিগুড়ি (এম. কর্প) , ওয়ার্ড নং- ৩ দার্জিলিং পশ্চিমবঙ্গ- ৭৩৪০০৩	07/02/2024	51,552.79

নিলামের তারিখ : ২৭.০৬.২০২৪ @ দুপুর ৩.০০ টা

কোনও রকম কারণ না দর্শিয়ে বিজ্ঞপ্তি ছাড়াই উক্ত নিলামপর্ব থেকে যে কোনও অ্যাকাউন্ট বাতিল করার অগ্রিম বিজ্ঞপ্তি দিনাম বাতিল করার অধিকার রয়েছে ব্যাঙ্কের।

অনুমোদিত আধিকারিক, শিবালিক স্মল ফিনান্স ব্যাঙ্ক লি: